দৈনিক বাংলা

তারিখ 06 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ২

# ৫ ভার্সিটি কলেজ ডিগ্রী সার্টিফিকেট দেয়ার ক্ষমতা পাবে

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বৃহস্পতিবার জাতীয় সংসদে বলেছেন যে ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজসহ দেশের ৫টি কলেজকে ভবিষ্যতে ডিগ্রী সার্টিফিকেট প্রদানের ক্ষমতা দেয়া হবে। অন্য ৪টি কলেজ হচ্ছে ময়মনসিংহ আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশাল ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজ এবং রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ।

মন্ত্রী গতকাল সংসদে বেসরকারী সদস্য দিবসে জামায়াতে ইসলামীর বেগম হাফেজা আসমা খাতুনের একটি বেসরকারী সিদ্ধান্ত প্রস্তাবের আলোচনার জবাবদানকালে একথা বলেন।

উল্লেখ্য, গতকাল বৃহস্পতিবার ছিল সংসদের বেসরকারী সদস্য দিবস। সকালের বৈঠকে বেসরকারী সদস্য দিবসের কর্মসূচী শেষ করে বিকালের বৈঠকে সরকারী কাজ নিষ্পন্ন করা হয়।

সংসদে ইতিপূর্বে বেসরকারী সদস্য দিবসে উত্থাপিত বেগম হাফেজা আসমা খাতুনের সিদ্ধান্ত প্রস্তাবসহ ৮টি সিদ্ধান্ত প্রস্তাবের মধ্যে গতকাল ৩টি সিদ্ধান্ত প্রস্তাব সংসদে আলোচনার পর নিষ্পত্তি হয়। অন্য ৫টি সিদ্ধান্ত প্রস্তাব ছিল সংসদ বর্জনকারী বিরোধী দলীয় সদস্যদের নামে। সংসদ অধিবেশনে অনুপস্থিতির কারণে তাদের সিদ্ধান্ত প্রস্তাবগুলি গতকাল বেসরকারী সদস্য দিবসে উত্থাপিত হয়নি।

হাফেজা আসমা খাতুনের সিদ্ধান্ত প্রস্তাব ছাড়া অন্য যে ২টি সিদ্ধান্ত প্রস্তাব গতকাল সংসদে আলোচনা করা হয় সেগুলি হচ্ছে সিপিবির মোজাহার হসেনের উত্থাপিত বর্তমান অর্থ বছরে পঞ্চগড় জেলার দেবীগঞ্জে করতোয়া নদীর উপর একটি সেতু নির্মাণ এবং জামায়াতে ইসলামীর মাওলানা আবদুস সোবহানের মাদ্রাসা শিক্ষকদের জন্য ঢাকায় একটি মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের দাবী সম্পর্কিত।

মোজাহার হসেন এবং বেগম হাফেজা আসমা খাতুনের সিদ্ধান্ত প্রস্তাব আলোচনার পর সংশ্লিষ্ট মন্ত্রীদের আশ্বাসের প্রেক্ষিতে তা প্রত্যাহৃত হয় এবং মাওলানা আবদুস সোবহানের সিদ্ধান্ত প্রস্তাবটি আলোচনার পর সিদ্ধান্ত স্থগিত রাখা হয়।

উল্লেখ্য, মওলানা আবদুস সোবহানের সিদ্ধান্ত প্রস্তাবটি গতকাল সংসদে উত্থাপন করেন মুফতি মওলানা আবদুস সাত্তার।

বেগম হাফেজা আসমা খাতুনের সিদ্ধান্ত প্রস্তাবের জবাবদানকালে শিক্ষামন্ত্রী

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ৫ ভার্সিটি কলেজ

(প্রথম পৃষ্ঠার পর)

বলেন, এই ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে ডিগ্রী সার্টিফিকেট প্রদানের ক্ষমতা দেয়া হলে মহিলাদের জন্য পৃথক বিশ্ববিদ্যালয় স্থাপনের চাহিদা অনেকটা পূরণ হবে। তিনি বলেন, প্রত্যেক জেলায় সরকার একটি করে মহিলা কলেজ জাতীয়করণ করছেন। বর্তমানে দেশের বিভিন্ন থানায় মহিলাদের জন্য পৃথক কলেজ রয়েছে।

এছাড়া, ঢাকায় সেন্ট্রাল ওম্যান'স কলেজকে বেসরকারী বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার একটি পরিকল্পনা সরকারের অনুমোদনদানের অপেক্ষায় রয়েছে। উদ্যোক্তাগণ বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় অধিকাংশ শর্ত পূরণ করেছেন। আর মাত্র কয়েকটি শর্ত পূরণ হলেই সেন্ট্রাল ওম্যান'স কলেজকে বেসরকারী বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার অনুমতি প্রদান করা হবে।

মহিলাদের জন্য পৃথক মেডিক্যাল কলেজ স্থাপনের দাবী প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন যে বেসরকারী উদ্যোগে এরই মধ্যে ঢাকায় মহিলাদের জন্য একটি মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। চট্টগ্রামেও অনুরূপ একটি মহিলা মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য তিনি ব্যক্তিগতভাবে ডাঃ নূরুল ইসলামকে উদ্যোগী হতে অনুরোধ করেছেন।

মাদ্রাসা শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন যে মাদ্রাসা শিক্ষকদের জন্য পৃথক প্রশিক্ষক কেন্দ্র স্থাপনের প্রয়োজন রয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় কিংবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসা শিক্ষকদের জন্য পৃথক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা যেতে পারে। তবে এজন্য মন্ত্রিপরিষদের অনুমোদনের দরকার। মন্ত্রিপরিষদের সভায় বিষয়টি উত্থাপনের জন্য মওলানা আবদুস সোবহানের এই সিদ্ধান্ত প্রস্তাবটির নিষ্পত্তি স্থগিত রাখা হয়।

এছাড়া গতকাল সান্ধ্য অধিবেশনে জামায়াতে ইসলামীর শেখ আনছার আলীর উত্থাপিত কৃষকদের বিনা সুদে কৃষি ঋণ দেয়ার ব্যবস্থা গ্রহণ করার একটি সিদ্ধান্ত প্রস্তাব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ স্থগিত রাখা হয়।

এই প্রস্তাবের জবাবে অর্থমন্ত্রী সাইফুর রহমান বলেন যে বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থায় বিনা সুদে ঋণ দেয়ার কোন অবকাশ নেই। কারণ, আমাদের বাংকগুলি ব্যাংকে জনগণের টাকা মওজুদ রাখা বাবত জনগণকে সুদ প্রদান করে থাকে।